

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি (বিষয় মনোনয়ন প্রাপ্তদের)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

তারিখ: ০৫/১২/২০১৮

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে যে সকল ছাত্রছাত্রী মেধাক্রম অনুযায়ী ৪র্থ পর্যায়ে বিষয় মনোনয়ন পেয়েছেন তাদেরকে অনুষদ কার্যালয়ে উপস্থিত হয়ে আগামী ০৬/১২/২০১৮ তারিখ হতে ০৯/১২/২০১৮ তারিখের মধ্যে (শুক্রবার ছাড়া) শিক্ষা সহায়ক ফি ৩০০০/- টাকা ও অনুষদ উন্নয়ন ফি ৫০০/- টাকাসহ মোট ৩৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা জমা দেয়ার জন্য বলা হলো এবং একটি ১০"/১৪" খামের উপর ভর্তি পরীক্ষার রোল, প্রাপ্ত নম্বর, মেধাক্রম, ভর্তি ইচ্ছুক (মনোনয়ন প্রাপ্ত) বিষয়ের নাম ও মোবাইল নম্বর লিখে উক্ত খামসহ নিম্নোক্ত কাগজপত্রসমূহ জমা দেয়ার জন্য বলা হলো: -

১. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ -“বিভাগ/বিষয় পছন্দক্রম তালিকা ফরম”- ০১ (এক) কপি।
২. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ -“ভর্তি পরীক্ষার প্রবেশপত্র”- ০১ (এক) কপি।
৩. HSC রেজিস্ট্রেশন কার্ড : মূল কপি (লেমেনিটিং ছাড়া)।
৪. HSC মার্কসীট ও প্রশংসাপত্র : মূল কপি(লেমেনিটিং ছাড়া)।
৫. SSC রেজিস্ট্রেশন কার্ড : মূল কপি(লেমেনিটিং ছাড়া)।
৬. SSC মার্কসীট : মূল কপি (লেমেনিটিং ছাড়া)।
৭. সত্যায়িত ছবি : ০৬ কপি (পাসপোর্ট সাইজ)।

অটো মাইগ্রেশন বন্ধ করতে হলে উপরিউক্ত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট অনুষদ অফিসে আবেদন করতে হবে।

উল্লেখ্য অগ্রণী ব্যাংক চ.বি. শাখায় আগামী ১১/১২/২০১৮ তারিখ হতে ২০/১২/২০১৮ তারিখ পর্যন্ত নির্ধারিত ভর্তি ফি জমা নেয়া হবে। ভর্তিকৃত ছাত্রছাত্রীদের ০১/০১/২০১৯ তারিখ হতে ক্লাস শুরু হবে। যে কোন বিস্তারিত তথ্য চ.বি. ওয়েবসাইটে (<http://admission.cu.ac.bd> or <http://cu.ac.bd> ) পাওয়া যাবে।